

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১৮, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৮ই জুলাই, ২০১০/৩রা শ্রাবণ, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৮ই জুলাই, ২০১০ (৩রা শ্রাবণ, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১০ সনের ৩৬ নং আইন

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৭৪৪৭)

মূল্য : টাকা ২.০০

২। ২০০৬ সনের ২৪ নং আইনের ধারা ১৯ এর সংশোধন।—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৯ এর উপ-ধারা (১ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ২ (দুই) কোটি টাকার অভ্যন্তরীণ কার্যক্রয়ের ক্ষেত্রে দাপ্তরিক প্রাক্কলন (Official estimate) উল্লেখ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, কোন দরদাতা কর্তৃক দরপত্রে দাপ্তরিক প্রাক্কলনের ৫% (পাঁচ শতাংশ) এর অধিক কম বা অধিক বেশী দর উদ্ধৃত করা হইলে উক্ত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।”।

৩। ২০০৬ সনের ২৪ নং আইনের ধারা ২৬ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২৬ এর উপ-ধারা (১) এর প্রথম এবং দ্বিতীয় শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ২ (দুই) কোটি টাকার অভ্যন্তরীণ কার্যক্রয়ের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠিকাদারের তালিকা সংরক্ষণ করিতে হইবে এবং ব্যক্তির যোগ্যতা নির্ধারণে অতীতে সম্পাদিত ক্রয় কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হইবে না।”।

৪। ২০০৬ সনের ২৪ নং আইনের ধারা ৩২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩২ এর উপ-ধারা (১) এর দফা (গগ) এ উল্লিখিত “দুই খাম” শব্দগুলির পরিবর্তে “দুই খাম দরপত্র” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। ২০০৬ সনের ২৪ নং আইনের ধারা ৩৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩৩ এর দফা (গ) এর উপ-দফা (ঋঋ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ঋঋ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ঋঋ) দফা (ঋ) অনুসারে অগ্রাধিকার প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য—

(অ) সংশ্লিষ্ট পণ্য সরবরাহের ক্ষেত্রে দরপত্রকে; এবং

(আ) কার্যের ক্ষেত্রে দরপত্র দাতাকে নির্ধারিত শর্ত পূরণ;”।

৬। ২০০৬ সনের ২৪নং আইনের ধারা ৪৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত “এক পর্যায় দুই খাম” শব্দগুলির পরিবর্তে “এক ধাপ দুই খাম দরপত্র” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। ২০০৬ সনের ২৪নং আইনের ধারা ৪৯ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪৯ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর শর্তাংশে উল্লিখিত “সীমিত পদ্ধতির মাধ্যমে” শব্দগুলির পরিবর্তে “সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে অনধিক ২(দুই) কোটি টাকার” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

আশফাক হামিদ
সচিব।